এ ব্যক্তি দুনিয়া ভর্তি ঐরূপ লোকের চেয়ে অনেক উত্তম।

সাহাল ইবন সা‘দ সা‘য়েদী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পাশ দিয়ে পার হয়ে গেল, তখন তিনি তাঁর নিকট উপবিষ্ট একজনকে জিজ্ঞেস করলেন, “এ ব্যক্তি সম্পর্কে তোমার মন্তব্য কী?” সে বলল, ‘এ ব্যক্তি তো এক সম্ভ্রান্ত পরিবারের লোক। আল্লাহর কসম! সে কোথাও বিয়ের প্রস্তাব দিলে তা গ্রহণযোগ্য হবে এবং কারো জন্য সুপারিশ করলে তা কবুল করা হবে।’ তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নীরব থাকলেন। কিছুক্ষণের মধ্যে আর এক ব্যক্তি পার হয়ে গেল। তিনি ঐ (উপবিষ্ট) লোকটিকে বললেন, “এ লোকটির ব্যাপারে তোমার অভিমত কী?” সে বলল, ‘হে আল্লাহর রাসূল! এ তো একজন গরীব মুসলিম। সে এমন ব্যক্তি যে, সে বিয়ের প্রস্তাব দিলে তা গ্রহণযোগ্য হবে না, কারো জন্য সুপারিশ করলে তা কবুল করা
হবে না এবং সে কোনো কথা বললে, তার কথা শ্রবণযোগ্য হবে না।’ তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “এ ব্যক্তি দুনিয়া ভর্তি ঐরূপ লোকের চেয়ে অনেক উত্তম।”
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

হাদীসের অর্থ: দুই ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পাশ দিয়ে অতিক্রম করল। তাদরে একজন গোত্রের সম্মানিত ব্যক্তি, গোত্রের মধ্যে তার কথা গ্রহণযোগ্য, যিনি কোনো প্রস্তাব দিলে গ্রহণ করা হয়, কথা বললে শোনা হয়। আর দ্বিতীয় ব্যক্তিটি সম্পূর্ণ তার বিপরীত। সে একজন দুর্বল মুসলিম, সমাজে তার কোনো দাম নেই, তার প্রস্তাব গ্রহণ করা হয় না, সুপারিশ কবুল করা হয় না এবং তার কথা শোনা হয় না। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “এ ব্যক্তি দুনিয়া ভর্তি ঐরূপ লোকের চেয়ে অনেক উত্তম।” অর্থাৎ যার নিজ সম্প্রদায়ের লোকদের মধ্যে ইজ্জত সম্মান রয়েছে তার তুলনায় এ নিরীহ ব্যক্তি আল্লাহর নিকট দুনিয়া ভর্তি ঐরূপ অগণিত লোকের চাইতে অনেক উত্তম। কারণ, আল্লাহ মানুষের পার্থিব ইজ্জত, সম্মান, বংশ, সম্পদ, আকৃতি, পোশাক, ঘরবাড়ী ও গাড়ি দেখেন না। তিনি শুধু দেখেন অন্তর ও আমলের প্রতি। একটি হাদীসে এসেছে: “আল্লাহ তোমাদের আকৃতি ও সম্পদের প্রতি তাকান না, কিন্তু দেখেন তোমাদের অন্তর ও আমলের প্রতি।” এটি মুসলিম বর্ণনা করেছেন (হাদীস নং ২৫৬৪) সুতরাং যখন মহান আল্লাহর মাঝে ও তার মাঝে সুসম্পর্ক স্থাপিত হবে, সে আল্লাহর দিকেই ঝুকবে, আল্লাহর ভয়ে যিকিরকারী হবে এবং আল্লাহ যে আমল করলে খুশি হয় সে আমল করবে, সে ব্যক্তিই আল্লাহর নিকট সম্মানিত বলে বিবেচিত হবে। এ লোকই সে লোক যে আল্লাহর নামে শপথ করলে আল্লাহ তাকে দায়মুক্ত করেন।

https://sunnah.global/hadeeth/bn/show/3880


النجاة الخيرية
ALNAJAT CHARITY


لجنة الدعوة الإلكترونية
EDC
E-Da'wah Committee